গত ০৫-০৩-২০১৮খ্রিঃ রোজ-সোমবার বেলা ১৫.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/মিরপুর/গুলশান/তেজগাঁও/উত্তরা বিভাগের ফেব্রুয়ারী/২০১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৫-০৩-২০১৮ খ্রিঃ ।

সময় ঃ বেলা ১৫.০০ ঘটিকা।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

<u>সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে)</u> ঃ

১.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম (বার) যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
২.	জনাব মুনতাসিরুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)
৩.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন)
৪.	জনাব খোন্দকার নূরন্নবী , পিপিএম (সেবা), উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা–পূর্ব)
৫.	জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান পিপিএম (সেবা), উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা–পশ্চিম)
৬.	জনাব মোঃ রাজীব আল মাসুদ, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ)
৭.	জনাব মোঃ হুমায়ুন কবীর,অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৮.	জনাব মোঃ আমিনুর রহমান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন) ।
৯.	জনাব মাহফুজুল আলম রাসেল,পিপিএম-সেবা, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-উত্তর) ।
১০.	জনাব মোঃ হাফিজ আল ফারুক, সিনিয়র এসি (মোহাম্মদপুর জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
১১.	জনাব এবি এম জাকির হোসেন, সিনিয়র এসি (পল্লবী জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
১২.	জনাব মোঃ রুবাইয়াত জামান, সিনিয়র এসি (তেজগাঁও জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
১৩.	জনাব মোঃ ওবায়দুর রহমান, সিনিয়র এসি (সবুজবাগ জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
১৪.	জনাব ইশতিয়াক হাসান আমীন, সিনিয়র এসি (ক্রাইম-১)
১৫.	জনাব মোঃ আশরাফুল করিম, এসি (বাড্ডা জোন) ।
১৬.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসি (মিরপুর জোন) ।
১৭.	জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন) ।
১৮.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, এসি (ক্রাইম-২) ।
১৯.	জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (রমনা জোন) ।
২০.	জনাব মোঃ বদরুল হাসান, এসি (কোতয়ালী জোন) ।
২১.	জনাব সৈয়দ মামুন মোস্তাফা, এসি (দারুসসালাম জোন) ।
২২.	জনাব মোঃ আহসান খান, এসি (ধানমন্ডি জোন) ।
২৩.	জনাব ইফতেখায়রুল ইসলাম, পিপিএম- সেবা, এসি (ডেমরা জোন) ।
২৪.	জনাব মোঃ সামসুজ্জামান, এসি (ওয়ারী জোন) ।
২৫.	জনাব মোঃ কামরুজ্জামান, এসি (উত্তরা জোন) ।
২৬.	জনাব মোঃ রফিকুল ইসলাম পিপিএম (সেবা), এসি (গুলশান জোন) ।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন । সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । সভার শুরুতে মামলার সুষ্ঠ তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয় । আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয় ।

১। ধানমন্ডি মডেল থানার মামলা নং-০৩, তাং-০৩/০২/১৮খ্রিঃ, ধারা-২৭৯/৩৩৮-ক/৩০২/৩৪পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি উল্টোপথে বেপরোয়া ভাবে দ্রুতবেগে গাড়ী চালিয়ে ভিকটিমকে হত্যার ঘটনা । মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে ।

সিদ্ধান্ত ঃ (১) অত্র মামলায় অন্যান্য আসামীদের সংশ্লিষ্টতা আছে কিনা তা নির্ণয় ও প্রকৃতপক্ষে ঘটনাটি হত্যাকান্ড কিনা তা তদন্ত করার নির্দেশ প্রদান করা হয় ।

(২) অত্র মামলার প্রতিবেদন দাখিলের পূর্বে ডিসি (প্রসিকিউশন) এর পরামর্শ নেওয়ার নির্দেশ প্রদান করা হয়।

(৩) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। ধানমন্ডি মডেল থানার মামলা নং-০৫, তাং-০৭/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯৪/৩০২/৩৪ পিসি।

[আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা ছিনতাইকারী কর্তৃক প্রাইভেটকার যোগে এসে ভিকটিমের ভ্যানিটি ব্যাগ টান দিয়ে ভিকটিমকে রাস্তায় ফেলে ভিকটিমের মাথার উপর দিয়ে গাড়ীর চাকা চালিয়ে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত ০২ জন মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। তাদের স্বীকারোক্তি মোতাবেক ঘটনায় মোট ০৪ জন আসামী জড়িত ছিল বলে জানা যায়। ঘটনায় ব্যবহৃত প্রাইভেটকারটি জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। হাজারীবাগ থানার মামলা নং-১০, তাং-১৩/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিম রিজিয়া বেগমকে পেটে ছুরিকাঘাত করে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। খিলগাঁও থানার মামলা নং-৩৮, তাং-১৫/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ভিকটিমের স্বামী ও বন্ধু-বান্ধব কর্তৃক ভিকটিমকে গলায় ওড়না পেচিয়ে সিলিং ফ্যানের সাথে ঝুলিয়ে হত্যা করার ঘটনা। মামলার এজাহারনামীয় ০২ জন আসামীকে গ্রেফতার হয়েছে। তবে সার্বিক তদন্তে ভিকটিম আত্মহত্যা করেছে মর্মে তদন্তকারী কর্মকর্তা জানান।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী পদক্ষেপ নেওয়ার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। খিলগাঁও থানার মামলা নং-৩৯, তাং-১৫/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি একটি ফ্ল্যাটের দখল নিয়ে দ্বন্ধের জেরে ভিকটিমকে কিল-ঘুষি মেরে হত্যার ঘটনা। অত্র মামলার ভিকটিম হার্টের রোগী ছিল এবং সে ষ্ট্রোক করে মারা গেছে বলে সন্দেহ করা হচ্ছে।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী পদক্ষেপ নেওয়ার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। সবুজবাগ থানার মামলা নং-১৫, তাং-১১/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি কোর্টের নির্দেশে রুজু করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী পদক্ষেপ নেওয়ার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। মুগদা থানার মামলা নং- ১৯, তাং-১৬/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিম সেলিম হিজরাকে শ্বাসরোধ করে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত ০২ জন আসামীকে সনাক্ত করা হয়েছে। তাদের গ্রেফতারের অভিযান অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। ডেমরা থানার মামলা নং-০২, তাং-০২/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক অজ্ঞাতনামা ভিকটিমকে হত্যার ঘটনা। ভিকটিমের পরিচয় সনাক্তকরণের জন্য ছাপানো লিফলেট দেখে ভিকটিমের মা তার লাশ দেখে সনাক্ত করেন।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনার মূল রহস্য উদঘাটন ও জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) ডিবি'র সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন বিভাগকে মামলাটি ছায়া তদন্ত করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) ঘটনাস্থলের পাশের প্রতিষ্ঠানের দারোয়ানকে নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করার নির্দেশ প্রদান করা হয়।
(৪) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। তেজগাঁও থানার মামলা নং-১১, তাং-০৫/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ভিকটিমের স্বামী কর্তৃক ভিকটিমকে ফুটন্ত পানির চায়ের কেটলী ছুড়ে মেরে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। প্রত্যক্ষদর্শী ০২ জন সাক্ষীর জবানবন্দি ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক লিপিবদ্ধ করানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। দারুসসালাম থানার মামলা নং-৩৮, তাং-২২/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক অজ্ঞাতনামা ভিকটিমকে হত্যার ঘটনা। ভিকটিমের ব্যাগে রক্ষিত একটি গার্মেন্টসের পিকনিকের কুপন দেখে ভিকটিমকে সনাক্ত করা হয়েছে। ঘটনায় জড়িত আসামীকে গ্রেফতারের অভিযান অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। বাড্ডা থানার মামলা নং-০৩, তাং-০৩/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ডেন্টাল ক্লিনিকের রিসিপশনিষ্টকে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত সন্দিগ্ধ ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে তবে ঘটনার রহস্য উদঘাটিত হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনার মূল রহস্য উদঘাটন ও জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) ডিবি'র সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন বিভাগকে মামলাটি ছায়া তদন্ত করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। বাড্ডা থানার মামলা নং-১৭, তাং-১৭/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ভিকটিম বাদশা মিয়াকে গুলি করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত আসামী গুলিভর্তি ০১টি রিভলবার সহ স্থানীয় জনতা ও পুলিশের সহায়তায় ধৃত হয়। পরবর্তীতে উক্ত আসামী নূর ইসলাম@নূরী পুলিশের সাথে বন্দুক যুদ্ধে মারা যায়।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) মামলাটির তদন্তভার গোয়েন্দা উত্তর বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। বাড্ডা থানার মামলা নং-২১, তাং -১৮/০২/১৮খ্রিঃ, ধারা-১৮৬/৩৩২/৩৫৩/৩০৭/৩০২/৩৪ পিসি।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলাটি ডিবি পুলিশের সাথে আসামীদের বন্দুক যুদ্ধের ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। বনানী থানার মামলা নং-২৫, তাং -২৫/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি একজন ঠিকাদার ব্যবসায়ীকে গুলি করে হত্যার ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটির তদন্তভার গোয়েন্দা উত্তর বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। ক্যান্টনমেন্ট থানার মামলা নং-০৩, তাং-১০/০২/১৮খ্রিঃ, ধারা-৩০২ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। উত্তরা পশ্চিম থানার মামলা নং-০৩, মমতাং-০১/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯৪/৩০২ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি বিকাশের এজেন্টকে ছুরি দিয়ে আঘাত করে হত্যা ও নগদ ৮,৪০,০০০/-টাকা ছিনতাইয়ের ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) উত্তরা এলাকায় ছিনতাই প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহন করার জন্য ডিসি-উত্তরাকে নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটির তদন্তভার গোয়েন্দা উত্তর বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।
(৪) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। সূত্রাপুর থানার মামলা নং-১২, তাং-২০/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯৫/৩৯৭ পিসি

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ভিকটিমকে আগ্নেয়াস্ত্রের ভয় দেখিয়ে নগদ ৩৭,৫০,০০০/-টাকা ডাকাতির ঘটনা। ঘটনায় জড়িত ০৮ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০৫ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ডাকাতি যাওয়া ৫,৩৮,৫০০/-টাকা ও ৭০০ ইউএস ডলার উদ্ধার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। ওয়ারী থানার মামলা নং-২২, তাং-১৬/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ডিমভর্তি পিকআপ ডাকাতির ঘটনা। ডাকাতির ঘটনায় জড়িত ০৫ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ডাকাতি যাওয়া ০১টি পিকআপ, ১১,০০০ ডিম উদ্ধার করা হয়েছে এবং ডাকাতির কাজে ব্যবহৃত ০১টি পিকআপ, ০২টি চাপাতি, ০২টি চাকু, লোহার রড ও ত্রিপল জব্দ করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। সবুজবাগ থানার মামলা নং-৪৭, তাং-২৫/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি কোর্টের নির্দেশে রুজু করা হয়েছে। মামলার তদন্তে ঘটনার সত্যতা পাওয়া যায়নি।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) বাদীর বিরুদ্ধে পেনাল কোডের ২১১ ধারায় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। রমনা মডেল থানার মামলা নং-৪৫, তাং-২৪/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা দুষ্কৃতিকারী কর্তৃক ভিকটিমকে ছুরিকাঘাত করে মোবাইল ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ছিনতাইকৃত মোবাইল উদ্ধার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। নিউমার্কেট থানার মামলা নং-১৪, তাং-১৮/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯২ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি আকিজ কর্পোরেশনের পরিবেশক প্রতিষ্ঠানের কর্মচারীদের অস্ত্র দিয়ে ভয় দেখিয়ে নগদ ৫,২৮,৫৬১/-টাকা ছিনতাইয়ের ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

<u>সিদ্ধান্ত ঃ</u> (১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) নিউমার্কেট থানা এলাকায় ছিনতাই প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। সূত্রাপুর থানার মামলা নং-১৩, তাং-২০/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল জানান যে, অত্র মামলাটি ভিকটিমের রিক্সার গতিরোধ করে অস্ত্রের ভয় দেখিয়ে বিভিন্ন প্রকার মালামাল ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> (১) ঘটনায় জড়িত পলাতক অন্যান্য আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। যাত্রাবাড়ী থানার মামলা নং-৪৫, তাং-১৪/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯২ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক সিএনজি যোগে এসে ভিকটিমের ব্যাগ টান দিয়ে নিয়ে পালিয়ে যাওয়ার ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে সনাক্ত করা হয়েছে। তাদের গ্রেফতারের অভিযান অব্যাহত আছে। ঘটনায় ব্যবহৃত সিএনজিটি জব্দ করা হয়েছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। খিলগাঁও থানার মামলা নং-৪৫, তাং-১৮/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯২ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি নির্মানাধীন বিল্ডিং এর শ্রমিকদেরকে ভয় দেখিয়ে মোবাইল ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ছিনতাইকৃত ০২টি মোবাইল উদ্ধার ও ছিনতাই কাজে ব্যবহৃত চাপাতি জব্দ করা হয়েছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। রামপুরা থানার মামলা নং-২৮, তাং-২১/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯২/৪১১ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি ভিকটিমের মাথায় ছোরা ও পিস্তল ঠেকিয়ে মোবাইল ও ঘড়ি ছিনতাইয়ের ঘটনা। ঘটনাস্থল হতে ফুট পেট্রোল পার্টির পুলিশ ছিনতাইকাজে জড়িত ০১ জন আসামীকে হাতেনাতে গ্রেফতার করেছেন। পরবর্তীতে মামলার তদন্তকারী কর্মকর্তা ঘটনায় জড়িত অপর ০১ জন আসামীকে গ্রেফতার করেছে। ঘটনায় ব্যবহৃত মাইক্রোবাসটি উদ্ধার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) পলাতক অপর আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। আদাবর থানার মামলা নং- ১৯, তাং-২২/০২/১৮খ্রিঃ, ধারা- ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি কলেজ ছাত্রের পথরোধ করে মোবাইল ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ছিনতাইকৃত মোবাইলটি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। শেরেবাংলা নগর থানার মামলা নং-২৪, তাং-২৭/০২/১৮খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা দুষ্কৃতিকারীরা ভিকটিমের ফ্ল্যাটে প্রবেশ করে নগদ টাকা ও স্বর্ণালংকার লুণ্ঠনের ঘটনা। সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে ০১জন আসামীকে চিহ্নিত করা হয়েছে। তাকে গ্রেফতারের প্রক্রিয়া অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-২২, তাং-১৯/০২/১৮খ্রিঃ, ধারা-৩২৮/৩৯২ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ডিসি-ডিবি (পশ্চিম) জানান যে, অত্র মামলাটি ভিকটিম চালকের চোখে মলম লাগিয়ে সিএনজি ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত আসামীকে গ্রেফতার করা হয়েছে। ছিনতাইকৃত সিএনজিটি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত অপর আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। রমনা মডেল থানার মামলা নং- ৪১, তাং-২১/০২/১৮খ্রিঃ, ধারা-৩৬৫/৩৪২/৩৮৫/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে মাইক্রোবাস যোগে তুলে নিয়ে অপহরণ ও মুক্তিপণ দাবী করার ঘটনা। ঘটনায় জড়িত আসামীকে গ্রেফতার ও দক্ষিণখান হতে ভিকটিমকে উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। পল্লবী থানার মামলা নং-৬২, তাং-২৩/০২/১৮খ্রিঃ, ধারা-নারী ও শিশু নির্যাতন দমন আইন(সংশোধনী-২০০৩)এর ৯(৩)।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (অপস্) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে গণধর্ষণ করার ঘটনা। মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। কাফরুল থানার মামলা নং-৩৫, তাং-১৩/০২/১৮খ্রিঃ, ধারা- নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী-২০০৩) এর ৭/৩০/৯(৩)।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে গণধর্ষণ করার ঘটনা। মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। বনানী থানার মামলা নং-০৩, তাং-০৪/০২/১৮খ্রিঃ, ধারা- নারী ও শিশু নির্যাতন দমন আইন(সংশোধনী-২০০৩)এর ৯(৩)।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে গণধর্ষণ করার ঘটনা। মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৩। তুরাগ থানার মামলা নং-০৯, তাং-০৪/০২/১৮খ্রিঃ, ধারা- নারী ও শিশু নির্যাতন দমন আইন(সংশোধনী-২০০৩) এর ৯(৩)।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে গণধর্ষণ করার ঘটনা। মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০১ জন বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। রাত্রিকালে খালি পিকআপ দিয়ে বেরিকেড দিয়ে বিভিন্ন ছিনতাই ও ডাকাতির ঘটনা ঘটে। তাই রাত্রিকালে খালি পিকআপ যেন না চলতে পারে সে বিষয়ে রাত্রিকালীন টহল পার্টিকে সজাগ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করা হয়। উত্তরা এলাকায় ছিনতাই প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই/উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা বিভাগে গত **ফেব্রুয়ারী**/১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মোট ৩৩ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১০ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি (সঃদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৮/অংশ-৪/ তারিখ- -০৩-২০১৮খ্রিঃ।

অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা/ডিবি-উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/ধানমন্ডি/নিউমার্কেট/ওয়ারী/ডেমরা/খিলগাঁও/মতিঝিল/ সবুজবাগ/কোতয়ালী/বাড্ডা/গুলশান/পল্লবী/মিরপুর/দারুসসালাম/তেজগাঁও/মোহাম্মদপুর/উত্তরা) ডিএমপি, ঢাকা।
} অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম/ডিবি), ডিএমপি, ঢাকা।
} অবগতির জন্য।

৭। অফিস নথি।

(কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম)
বিপি-৬৮৯৫০৭৫৯৬৮
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd